

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৩৫১

আগরতলা, ১৩ অক্টোবর, ২০২৩

সাংবাদিক সম্মেলনে ত্রিপুরা মহিলা কমিশনের চেয়ারপার্সন
মহিলাদের অধিকার রক্ষায় মহিলা কমিশন কাজ করছে

জাতীয় মহিলা কমিশনের সহায়তায় ত্রিপুরা মহিলা কমিশন রাজ্যের মহিলাদের অধিকার রক্ষা ও ক্ষমতায়নের লক্ষ্যে কাজ করছে। কমিশনের এই প্রচেষ্টা আগামীদিনেও অব্যাহত থাকবে। আজ এক সাংবাদিক সম্মেলনে ত্রিপুরা মহিলা কমিশনের চেয়ারপার্সন ঝর্ণা দেববর্মা একথা জানান। ত্রিপুরা মহিলা কমিশনের রাজ্য কার্যালয়ের চেয়ারপার্সনের কক্ষে অনুষ্ঠিত এই সাংবাদিক সম্মেলনে কমিশনের চেয়ারপার্সন শ্রীমতি দেববর্মা রাজ্যবাসীকে আসন্ন শারদীয় দুর্গোৎসব ও দীপাবলির শুভেচ্ছা জানিয়েছেন। সাংবাদিক সম্মেলনে তিনি জানান, পুজোর দিনগুলিতে অপীতিকর ঘটনা এড়াতে সন্তানদের প্রতি অভিভাবকদের সতর্ক দৃষ্টি রাখতে হবে।

সাংবাদিক সম্মেলনে মহিলা কমিশনের চেয়ারপার্সন ঝর্ণা দেববর্মা আরও জানান, যে কোনও ধরনের সমস্যা নিরসনে মহিলারা সরাসরি কমিশনে এসে অভিযোগ জানাতে পারেন। তাছাড়াও ডাকযোগে বা ইমেলের মাধ্যমেও অভিযোগ জানানো যাবে। অভিযোগপত্র কমিশনের ওয়েবসাইটে বাংলা ও ইংরেজি ভাষায় দেওয়া আছে। মহিলাদের যে কোনও ধরনের আপৎকালীন পরিস্থিতিতে ১১২ নম্বরে যোগাযোগ করার জন্যও তিনি পরামর্শ দেন। তিনি জানান, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের সমস্ত স্টেক হোল্ডার যেমন জুভেনাইল জাস্টিস বোর্ড, ত্রিপুরা শিশু সুরক্ষা কমিশন, চাইল্ড ওয়েলফেয়ার কমিটি সহ সমস্ত সংস্থাগুলির সমন্বয়ে অপরাধ মুক্ত সমাজ গঠনে ত্রিপুরা মহিলা কমিশন কাজ করবে। মহিলাদের প্রতি নির্যাতন প্রতিরোধে সচেতনতা গড়ে তোলার উপর গুরুত্ব দেওয়া হয়েছে। এই বিষয়ে সংবাদমাধ্যমেরও গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। তিনি আরও জানান, মহিলাদের আইনি পরিষেবার দেওয়ার জন্য ত্রিপুরা মহিলা কমিশনের কার্যালয়ে একটি আইনি পরিষেবা কেন্দ্রও খোলা হয়েছে। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন মহিলা কমিশনের ভাইস চেয়ারপার্সন অস্মিতা বণিক ও সদস্য মাধব পাল।
